



জিয়াউর রহমানের জন্মদিনে বিএনপির দুই দিনের কর্মসূচি



সংগৃহীত ছবি

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৯০তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে দুই দিনের কর্মসূচি ঘোষণা করেছে দলটি।

শনিবার বিকেলে রাজধানীর পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কর্মসূচির কথা জানান জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

তিনি বলেন, ১৯ জানুয়ারি সকাল ১১টায় জিয়াউর রহমানের সমাধিতে দলের স্থায়ী কমিটির সদস্যরা শ্রদ্ধা নিবেদন করবেন। এ সময় বিএনপি চেয়ারপারসন তাকে রহমান উপস্থিত থাকবেন।

এ দিন দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন করা হবে এবং দেশের বিভিন্ন স্থানে সুবিধামতো সময়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

পরদিন, ২০ জানুয়ারি সকাল ১১টায় রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও বিশিষ্টজনরা বক্তব্য রাখবেন।

LENS ASIA